

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/21/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো এক্সিকিউটিভ বাজেট, না জেনে দূষিত রাসায়নিকগুলির সংস্পর্শ আসা থেকে নিউ ইয়র্ক বাসীদের রক্ষা করার প্রস্তাব ঘোষণা করেছেন

**"উপভোক্তাদের জানার অধিকার আইন (Consumer Right to Know Act)" নির্দিষ্ট পণ্যগুলির মোড়কের উপর, কারসিনোজেনস সহ, সম্ভাব্য ক্ষতিকর রাসায়নিকগুলির উপস্থিতি নির্দেশ করে লেবেল লাগানো আবশ্যিক বলে স্টেটের এজেন্সিগুলিকে নির্দেশ দেবে**

**গভর্নরের এই প্রস্তাব ঘোষণা করার ভিডিও [এখানে](#) পাওয়া যাবে**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ তার এক্সিকিউটিভ বাজেটের একটি অংশ হিসাবে একটি প্রস্তাব ঘোষণা করেছেন যা না জেনে দূষিত রাসায়নিকগুলির সংস্পর্শ আসা থেকে নিউ ইয়র্ক বাসীদের রক্ষা করবে। "উপভোক্তাদের জানার অধিকার আইন", স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) এবং স্টেট দপ্তর (Department of State, DOS) এর সাথে পরামর্শ করে পরিবেশ সুরক্ষা দপ্তর (Department of Environmental Conservation, DEC) কে, নির্দিষ্ট পণ্যগুলির মোড়কের উপর, কারসিনোজেনস সহ, সম্ভাব্য ক্ষতিকর রাসায়নিকগুলির উপস্থিতি নির্দেশ করে লেবেল লাগানো আবশ্যিক বলে নিয়মাবলী তৈরি করার অধিকার প্রদান করবে। গভর্নরের এই প্রস্তাবটি ঘোষণা করার ভিডিও YouTube এ [এখানে](#) এবং TV মানের (h.264, mp4)বিন্যাসে [এখানে](#) পাওয়া যাচ্ছে।

"রাসায়নিকগুলির সাথে আমাদের সংস্পর্শ সম্পর্কে আমরা যত বেশি জানব, পরিস্থিতিটি ততই ভীতিকর হবে", **গভর্নর কুওমো বলেন।** "উপভোক্তাদের জানার অধিকার আছে যে তারা যে পণ্যটি ব্যবহার করছেন তার মধ্যে কী আছে, এবং তাদের যে তথ্য জানা উচিত, সেই পণ্যের উপরের লেবেলটিই তাদের সেই তথ্য জানাবে।"

এই প্রস্তাব অনুযায়ী, এজেন্সিগুলি মোড়কের উপর লেবেল লাগানোর সম্ভাব্যতা যাচাই করবে এবং 1,000টিরও বেশি কারসিনোজেনস এবং অন্যান্য রাসায়নিকের একটি তালিকা গঠন যা লেবেলিংকে অনুপ্রাণিত করবে এবং নতুন নিয়মাবলীর আওতাভুক্ত ভোগ্য পণ্যগুলির ধরণকে শনাক্ত করে, নির্দিষ্ট পণ্যগুলির জন্য লেবেলিংয়ের আবশ্যিকতার নিয়মাবলী গঠন করবে।

সেইসাথে, আইনসভা, নিউ ইয়র্কে পরিষ্কার করার যে সমস্ত পণ্য বিক্রয় হত, সেই গৃহস্থালির পরিষ্কার করার সব পণ্যগুলিকে আওতাভুক্ত করে প্রকাশ করার আবশ্যিকতা সম্পর্কিত, পরিবেশ সুরক্ষা দপ্তরের আগের কার্যপরিধি সম্প্রসারিত করবে, এবং সেটি স্বাস্থ্য দপ্তরকে নিউ ইয়র্কে বিক্রিত শ্যাম্পু ডিওড্রেন্ট বা বেবি পাউডারের মত ব্যক্তিগত পরিচর্যার পণ্যগুলির প্রস্তুতকর্তাদের জন্যও একই রকম প্রকাশের আবশ্যিকতা জারি করার অধিকার প্রদান করবে। এই আবশ্যিকতাগুলি অনুযায়ী, পরিষ্কার করার পণ্য এবং ব্যক্তিগত পরিচর্যার পণ্য প্রস্তুতকর্তাদের

অবশ্যই নিদীষ্ট কিছু পণ্যের উপাদানের তথ্য তাদের ওয়েবসাইটে এবং একটি সর্বজনীনভাবে অ্যাক্সেসযোগ্য ডেটাবেসে সর্বজনীনভাবে উপলব্ধ করতে হবে।

সেইসাথে, আরও তথ্য দিয়ে উপভোক্তাদের কিভাবে আরও ক্ষমতাবান করে তোলা যায়, তার উপায় অন্বেষণ করার জন্য গভর্নর কুওমো DEC, DOH, এবং DOS কে নির্দেশ দেবেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)